

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২০৭৪ ২২/ নিষিদ্ধ কার্যাবলী পরিচ্ছেদঃ আল্লাহকে গালি

আরবী

عَنْ أَبِى مُوسَى قَالَ قَالَ رَسُولُ اللهِ عَلَيْ لاَ أَحَدَ أَصْبَرُ عَلَى أَذًى يَسْمَعُهُ مِنَ اللهِ عَزَّ وَجَلَّ إِنَّهُ يُشْرَكُ بِهِ وَيُجْعَلُ لَهُ الْوَلَدُ ثُمَّ هُوَ يُعَافِيهِمْ وَيَرْزُقُهُمْ

বাংলা

অনির্দিষ্টরূপে পাপি'দেরকে অভিসম্পাত করা বৈধ

আল্লাহ তাআলা বলেন,

أَلاَ لَعْنَةُ اللهِ عَلَى الظَّالِمِينَ

অর্থাৎ, সাবধান! অত্যাচারীদের প্রতি আল্লাহর অভিশাপ। (সূরা হূদ ১৮)

অন্যত্র তিনি বলেন,

فَأَدَّنَ مُؤَذِّنٌ بَيْنَهُمْ أَنْ لَّعْنَةُ اللهِ عَلَى الظَّالِمِينَ

অর্থাৎ, অতঃপর জনৈক ঘোষণাকারী তাদের নিকট ঘোষণা করবে, অত্যাচারীদের উপর আল্লাহর অভিসম্পাত। (সূরা আ'রাফ ৪৪)

সহীহ হাদীসসমূহে প্রমাণিত যে,

أَنَّ رَسُولَ اللهِ عَلَيْ قَالَ لَعنَ اللهُ الوَاصِلَةَ وَالمُسْتَوْصِلَةَ

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "সেই নারীর উপর আল্লাহর অভিশাপ, যে অপরের মাথায় নকল চুল জুড়ে দেয়। আর সেই নারীর উপরেও, যে অন্য নারীর দ্বারা (নিজ মাথায়) নকল চুল সংযুক্ত করায়।" (বুখারী ৫৯৩৩, মুসলিম ৫৬৮৭)

وَأَنَّهُ قَالَ لَعَنَ اللهُ آكِلَ الرَّبَا



তিনি বলেন, ''আল্লাহ সূদখোরকে অভিশাপ করুন (অথবা করেছেন)।'' (আহমাদ ৩৮০৯)

وأنَّهُ لَعَنَ المُصنوّرِينَ

তিনি ছবি নির্মাতাকে অভিশাপ করেছেন। (বুখারী ৫৩৪৭)

وأنَّهُ قَالَ لَعَنَ اللهُ مَنْ غيَّرَ مَنَارَ الأَرْضِ أَيْ حُدُودَهَا

তিনি বলেছেন, যে ব্যক্তি জমি জায়গার সীমা-চিহ্ন পরিবর্তন করে, আল্লাহ তাকে অভিশাপ করুন (অথবা করেছেন)। (মুসলিম ৫২৩৯-৫২৪০)

وأنَّهُ قَالَ لَعَنَ اللهُ مَنْ لَعَنَ وَالِدَيهِ

তিনি বলেন, ''যে নিজ মাতা-পিতাকে অভিশাপ ও ভৎর্সনা করে তাকেও আল্লাহ অভিসম্পাত করুন (অথবা করেছেন)।'' (ঐ)

وَلَعَنَ اللهُ من ذَبَحَ لِغَيْرِ اللهِ

"এবং সেই ব্যক্তির উপর আল্লাহ অভিশাপ করুন (অথবা করেছেন), যে গায়রুল্লাহর সম্ভুষ্টি লাভের জন্য পশু যবেহ করে।" (ঐ)

وأنَّهُ قَالَ لَعَنَ اللهُ السَّارِقَ يَسْرِقُ البَيْضَةَ

তিনি বলেন, ''আল্লাহ চোরকে অভিশাপ করুন (অথবা করেছেন), যে চোর ডিম চুরি করে।'' (বুখারী ৬৭৮৩, মুসলিম ৪৫০৩)

وَأَنَّه قَالَ مَنْ أَحْدَثَ فِيهَا حَدَثاً أَوْ آوَى مُحْدثاً فَعَلَيْهِ لَعْنَةُ اللهِ وَالمَلاَئِكَة والنَّاس أَجْمَعينَ

তিনি বলেছেন, ''যে ব্যক্তি মদীনায় কোন প্রকার বিদআত (আবিষ্কার) করে অথবা কোন বিদআতী লোককে আশ্রয় দেয়, তার উপর আল্লাহ, তাঁর ফিরিশতামণ্ডলী এবং সমস্ত মানুষের অভিশাপ।'' (বুখারী ১৮৭০, মুসলিম ৩৩৮৯)

وأنَّه قَالَ اللَّهُمَّ الْعَنْ رِعْلاً وَذَكْوَانَ، وعُصنيَّة : عَصنَوُا اللهَ وَرَسُولَهُ وهذهِ ثَلاثُ قَبَائِلَ مِنَ العَرَبِ

তিনি এভাবে (বন্দুআ) ক'রে বলেছেন, ''হে আল্লাহ! রি'ল, যাকওয়ান ও উসাইয়াহ গোত্রসমূহের উপর অভিশাপ কর। কেননা, তারা আল্লাহ ও তদীয় রসূলের অবাধ্যতা করেছে।'' (মুসলিম ১৫৯০)

আর এ তিনটিই ছিল আরবের এক একটি গোত্রের নাম।

وَأَنَّهُ قَالَ لَعَنَ اللهُ اليَهُودَ اتَّخَذُوا قُبُورَ أَنْبِيَائِهِمْ مَسَاجِدَ



তিনি বলেন, ''আল্লাহ ইয়াহুদকে অভিসম্পাত করুন (অথবা করেছেন), তারা তাদের পয়গম্বরদের সমাধিসমূহকে উপাসনালয়ে পরিণত করেছে।'' (বুখারী ১৩৩০, মুসলিম ১২১২)

وَأَنَّهُ لَعَنَ المُتَشَبِّهِينَ مِنَ الرِّجَالِ بالنِّسَاءِ وَالمُتَشَبِّهَاتِ مِنَ النِّسَاءِ بالرِّجَالِ

তিনি সেই সকল পুরুষকেও অভিশাপ করেছেন, যারা নারীদের সাদৃশ্য ও আকৃতি গ্রহণ করে। তেমনি সেই সব নারীদেরকেও অভিশাপ করেছেন, যারা পুরুষদের সাদৃশ্য ও আকৃতি অবলম্বন করে থাকে। (ইবনে মাজাহ ১৯০৪)

উক্ত বাণীসমূহ বিশুদ্ধ হাদীসে সিন্নবিষ্ট হয়েছে। তার মধ্যে কিছু হাদীস সহীহ বুখারী ও মুসলিম উভয় গ্রন্থে উল্লিখিত হয়েছে। আর কিছু হাদীস তার মধ্যে কোন একটিতে উদ্ধৃত হয়েছে। আমি এখানে তার প্রতি সংক্ষিপ্তভাবে আভাস দিয়েছি মাত্র। উক্ত হাদীসগুলির অধিকাংশই এই গ্রন্থের বিভিন্ন পরিচ্ছেদে উল্লেখ করব ইন শা-আল্লাহ।

(২০৭৪) আবৃ মূসা (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''কষ্টদায়ী কথা শুনে আল্লাহ আয়ায় অথা অজাল্ল অপেক্ষা বেশি সহ্যশীল অন্য কেউ নেই। তাঁর সাথে শির্ক করা হয়, তাঁর প্রতি সন্তান আরোপ করা হয়, অতঃপর তিনি তাদেরকে নিরাপত্তা ও রুযী দান করে থাকেন।

ফুটনোট

(বুখারী ৬০৯৯, মুসলিম ৭২৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন